গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়
জন্ম ও মৃত্যু নিবন্ধন, স্থানীয় সরকার বিভাগ
পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০

নম্বর-৪৬.০৪.০০০০.০০০.১০১.১১.০০০১.২৫.১৭৬

তারিখ: ২০ মাঘ ১৪৩২ / ০৩ ফেব্রুয়ারি ২০২৬

# নিয়োগপত্র

রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন-এর বিভাগীয় নির্বাচন কমিটির সুপারিশ এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের পরিপ্রেক্ষিতে "রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৮" অনুযায়ী রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন-এর রাজস্ব খাতভুক্ত **'ব্যক্তিগত সহকারী'** পদে জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর টাকা: ১১,০০০-২৬,৫৯০/-(গ্রেড-১৩) বেতনক্রমে নিম্নবর্ণিত প্রার্থীকে বর্ণিত শর্তসাপেক্ষে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো:

| ক্রমিক | মেধাক্রম | রোল | নাম, পিতার নাম ও মাতার নাম | স্থায়ী ঠিকানা | বর্তমান ঠিকানা |
|---|---|---|---|---|---|
| ০১ | ০১ | ১১০০২৩৩ | সৈয়দ ইনজামুল হক<br>পিতা: সৈয়দ এহসানুল হক<br>মাতা: তানজিদা হক | গ্রাম: পাছচারান<br>ডাকঘর: পাছচারান (১৯৭০)<br>উপজেলা: কালিহাতী<br>জেলা: টাঙ্গাইল | গ্রাম: পাছচারান<br>ডাকঘর: পাছচারান (১৯৭০)<br>উপজেলা: কালিহাতী<br>জেলা: টাঙ্গাইল |

**২। শর্তাবলি:**

ক. যোগদানের তারিখ থেকে এ নিয়োগ কার্যকর হবে। নির্ধারিত তারিখে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

খ. চাকরিতে যোগদানের সময় ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, চাকরির আবেদনে উল্লিখিত সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, লিখিত পরীক্ষার প্রবেশপত্র এবং আবেদনপত্রের (Applicant's Copy) সত্যায়িত ০১ (এক) কপি জমা প্রদান করতে হবে;

গ. চাকরিতে যোগদানের পরে দাখিলকৃত কোনো সনদপত্র/তথ্যাদি যে কোনো সময় অসত্য/মিথ্যা প্রমাণিত হলে কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে চাকরির অবসান ঘটাতে পারবেন;

ঘ. নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে নিজ ব্যবস্থাপনায় সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করে স্বাস্থ্য পরীক্ষার সনদ এবং ডোপটেস্টের রিপোর্ট যোগদানের সময় দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষার সনদে ও ডোপ টেস্টে কোনো বিরূপ মন্তব্য থাকলে এবং তা সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রমাণিত বা প্রতীয়মান হলে নিয়োগকারী কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন;

ঙ. চাকরিতে যোগদানকালে তাকে যোগদান পত্রের সাথে ৩০০ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে এই মর্মে একটি অঙ্গীকার দাখিল করতে হবে যে, "তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোনো যৌতুক নিবেন না এবং কোনো যৌতুক দিবেন না";

চ. The Government Servants (Conduct) Rules, 1979 এর ১৩(১) উপবিধি অনুযায়ী নিয়োগপ্রাপ্ত ব্যক্তির সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণী (জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক সরবরাহকৃত নির্দিষ্ট ফরমে) সম্বলিত একটি ঘোষণাপত্র চাকরিতে যোগদানের সময় জমা দিতে হবে;

ছ. চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট হতে ছাড়পত্র সংগ্রহ করে যোগদানপত্র দাখিল করতে হবে;

জ. নিয়োগপ্রাপ্ত ব্যক্তিগণ যোগদানের তারিখ হতে ০২ (দুই) বছরের জন্য শিক্ষানবিশ হিসেবে কর্মরত থাকবেন। শিক্ষানবিশ থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তার আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ কোনো রকম কারণ দর্শানো ছাড়াই চাকরির অবসান ঘটাতে পারবেন;

ঝ. চাকরিতে তার জ্যেষ্ঠতা বিধি মোতাবেক নির্ধারিত হবে;

পরবর্তী পৃষ্ঠা দ্রষ্টব্য

ঞ. চাকরি থেকে অব্যাহতি বা ইস্তফা নিতে হলে যে তারিখ হতে অব্যাহতি বা ইস্তফা নিবেন সে তারিখের কমপক্ষে ০১ (এক) মাস পূর্বে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট লিখিত আবেদন করতে হবে। অন্যথায় ০১ (এক) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ সরকারি কোষাগারে জমা দিতে হবে;

ট. নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ যে কোনো বিষয় প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক নির্ধারিত এবং সময় সময় জারীকৃত বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে;

ঠ. চাকরিতে যোগদানের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৩। উল্লিখিত শর্তাবলির আওতায় চাকরিতে যোগদানে সম্মত হলে আগামী **১৯ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ সকাল ১০:০০ ঘটিকায়** উপ-রেজিস্ট্রার জেনারেল (প্রশাসন), রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন, স্থানীয় সরকার বিভাগ, পরিবহন পুল ভবন (৯ম তলা, কক্ষ নং-৯০৭), সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০ বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদানে সম্মত নন বলে ধরে নেওয়া হবে এবং তার নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।

**=স্বাক্ষরিত=**

(মো: লুৎফুর রহমান)
উপ-রেজিস্ট্রার জেনারেল (প্রশাসন)
ফোন: ০২৪১০৫২২৬০
ই-মেইল: drg.admin@orgbdr.gov.bd

নম্বর-৪৬.০৪.০০০০.০০০.১০১.১১.০০০১.২৫.**১৭৬ (১/১২)**

তারিখ: ২০ মাঘ ১৪৩২ / ০৩ ফেব্রুয়ারি ২০২৬

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
৫. সিভিল সার্জন,...................................।
৬. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্থানীয় সরকার বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
৭. প্রোগ্রামার, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন (নিয়োগপত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. সহকারী রেজিস্ট্রার জেনারেল (সকল), রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন।
৯. হিসাবরক্ষক, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন (নতুন নিয়োগপ্রাপ্ত কর্মচারীগণের বেতন-ভাতা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
১০. রেজিস্ট্রার জেনারেলের ব্যক্তিগত সহকারী [রেজিস্ট্রার জেনারেল (অতিরিক্ত সচিব) মহোদয়ের সদয় অবগতির জন্য]।
১১. সৈয়দ ইনজামুল হক, পিতা: সৈয়দ এহসানুল হক, গ্রাম: পাছচারান, ডাকঘর: পাছচারান (১৯৭০), উপজেলা: কালিহাতী, জেলা: টাঙ্গাইল।
১২. অফিস কপি।

03/02/2025

(মো. আখতার জামিল)
সহকারী রেজিস্ট্রার জেনারেল (প্রশাসন ও অর্থ)
ফোন: ০২৪১০৫২২৬৩
ই-মেইল: arg.admin@orgbdr.gov.bd